# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

বিষয় কোড : | 1 | 5 | 4 |

সময়–২ ঘণ্টা — পূর্ণমান: ২৫+২৫=৫০

### ক-বিভাগ: সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও — মান ৫×৫=২৫

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

১. 'তথ্য প্রযুক্তি ব্যবহারের ফলে একজন কর্মী তার কর্মে অনেক দক্ষ হয়ে ওঠে'– উক্তিটি বুঝিয়ে লিখ।

২. ম্যালওয়্যার কী? ম্যালওয়্যারের বিভিন্ন প্রকারভেদ সম্পর্কে সংক্ষেপে লেখ।

৩. ★ আইসিটি প্রয়োগের ফলে ব্যবসায়ে কী কী সুবিধা অর্জিত হয়? সংক্ষেপে লেখ।

৪. সরকারি সকল কাজেই তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্বপূর্ণ প্রয়োগ রয়েছে– কীভাবে? সংক্ষেপে বর্ণনা কর।

৫. নেটওয়ার্কিং এর ক্ষেত্রে মডেম ও ল্যান কার্ডের কার্যকারিতা সংক্ষেপে বর্ণনা কর।

৬. টপোলজি কী? চিত্রসহ রিং টপোলজি বর্ণনা কর।

৭. ★ যোগাযোগ ব্যবস্থায় স্যাটেলাইটের ও অপটিক্যাল ফাইবারের ভূমিকা ব্যাখ্যা কর।

৮. সাইবার অপরাধ কী? কীভাবে সাইবার অপরাধে আক্রান্ত হওয়ার সুযোগ তৈরি হয়?

### খ বিভাগ : বহুনির্বাচনি অভীক্ষা

সময়–২৫ মিনিট — বহুনির্বাচনি অভীক্ষা — মান–২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. কোন সফটওয়্যারটি অন্য সফটওয়্যারকে কার্যসম্পাদনে বাধা প্রদান করে, কর্মক্ষমতা বিনষ্ট করতে পারে এবং রক্ষিত তথ্য চুরি করতে পারে?

ক) মরিসওয়ার্ম　খ) ম্যালওয়্যার　গ) ম্যাক্সওয়্যার　ঘ) মাইএসকুয়েল

২. সফটওয়্যার কী?

ক) একটি হার্ডওয়্যার প্রোগ্রাম　খ) নেটওয়ার্ক
গ) একটি কম্পিউটার প্রোগ্রাম　ঘ) টপোলজি

https://teachingbd24.com

৩. প্রথমবার দুর্নীতির বিরুদ্ধে কোনটি শক্তিশালী অস্ত্র হিসেবে পরিচিত হয়েছে?
ক) ইন্টারনেট　খ) মোবাইল
গ) হার্ডওয়্যার　ঘ) তথ্যপ্রযুক্তি

৪. Spam কোথায় থাকে?
ক) ই-মেইল একাউন্টে　খ) ওয়েবসাইটে
গ) ফেইসবুকে　ঘ) ওয়েব ব্রাউজারে

৫. বাংলাদেশ সরকারের জাতীয় ওয়েব পোর্টাল কোনটি?
ক) www.bangladesh.info.gov.bd
খ) www.bangladesh.gov.bd
গ) www.bangladesh.gov.bd.com
ঘ) www.bangladesh.gov.bd.info

৬. পরিসেবার বিল পরিশোধ কী ধরনের সেবা?
ক) স্বাস্থ্যসেবা　খ) নাগরিক সেবা
গ) পর্চা সেবা　ঘ) ব্যবসায়িক সেবা

৭. তাত্ত্বিক গবেষণায় ডেটাবেজের প্রয়োজন হয় কেন?
ক) তথ্য সংরক্ষণে
খ) তথ্য প্রক্রিয়াকরণে
গ) তথ্য সংগ্রহ করতে
ঘ) তথ্য বিনিময়ে

৮. মডেম একটি—
i. ডেটা কমিউনিকেশন
ii. কমিউনিকেশন ডিভাইস
iii. নেটওয়ার্কিং ডিভাইস
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও:**
আসিফের ছোট ভাই অর্ণব ঢাকায় পড়াশোনা করে। আসিফ তার ভাইকে প্রতি মাসেই হাত খরচ ও টিউশন ফির টাকা পাঠায়। আর এ জন্য সে আধুনিক পদ্ধতি ব্যবহার করে।

৯. আসিফের ব্যবহৃত আধুনিক পদ্ধতিটি হলো—
ক) কম্পিউটার　খ) মোবাইল ব্যাংকিং
গ) ইন্টারনেট　ঘ) ক্রেডিট কার্ড

১০. আসিফ আর যে যে আধুনিক পদ্ধতি ব্যবহার করতে পারে তা হলো—
i. অনলাইন ব্যাংকিং
ii. ই-কমার্স
iii. বিকাশ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১১. NIC কীসের নাম?
ক) এডাপ্টরের　খ) মিডিয়া প্লেয়ারের
গ) সার্ভারের　ঘ) রিসোর্সের

১২. কত সালে প্রথম মহাকাশে জিও স্টেশনারি স্যাটেলাইট স্থাপন করা হয়?
ক) ১৯৫৩　খ) ১৯৫৪
গ) ১৯৬০　ঘ) ১৯৬৪

১৩. নেটওয়ার্ক তৈরিতে কোনটি প্রয়োজন?
ক) নিক কার্ড　খ) হার্ডডিস্ক
গ) পেন ড্রাইভ　ঘ) র‍্যাম

১৪. কোনটি কম্পিউটার হতে প্রাপ্ত ডিজিটাল সিগন্যালকে অ্যানালগ সিগন্যালে রূপান্তর করে?
ক) রাউটার　খ) সুইচ
গ) হাব　ঘ) মডেম

১৫. কোনটির মাধ্যমে কোনো একটি স্থানের অবস্থান জানা যায়?
ক) EDGE　খ) NIC
গ) GPRS　ঘ) GPS

১৬. ব্যাকবোন ব্যবহার করা হয় কোন টপোলজিতে?
ক) মেশ　খ) বাস
গ) রিং　ঘ) ট্রি

১৭. ই-মেইল পাঠাতে Client কে সাহায্য করে কে?
ক) গুগল সার্ভার
খ) নেটওয়ার্ক সার্ভার
গ) প্রটোকল
ঘ) ই-মেইল সার্ভার

১৮. যে Client সার্ভার থেকে রির্সোস ব্যবহার করে তাকে কী বলে?
ক) ইউজার　খ) রিসোর্স
গ) সার্ভার　ঘ) মিডিয়া

**নিচের উদ্দীপকটি ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
কাফি একজন কম্পিউটার প্রোগ্রামার। সে বর্তমানে দিনে আট ঘণ্টা নিয়মিত অফিসে কাজ করতে পছন্দ করে না। কিন্তু অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে চায়।

১৯. কাফি আসলে কী হতে চায়?
ক) Software Developer　খ) Freelancer
গ) Webpage Designer　ঘ) Business man

২০. কাফির কর্মপ্রাপ্তিতে সহায়তা করতে পারে—
i. www.upwork.com
ii. www.bdjobs.com
iii. www.elance.com
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

২১. MAC Address কোন যন্ত্রের সাথে সম্পর্কিত?
ক) হাব　খ) সুইচ
গ) রাউটার　ঘ) মডেম

২২. আরপানেট ক্রিপার কী?
ক) একটি ভাইরাস　খ) একটি সার্ভার
গ) Root কম্পিউটার　ঘ) একটি ওয়ার্ম

২৩. কোনটি ছদ্মবেশী সফটওয়্যার?
ক) ডেটাবেজ　খ) ফটোশপ
গ) ট্রোজান হর্স　ঘ) নরটন

২৪. Captcha মূলত কী?
ক) একটি কম্পিউটার　খ) পাসওয়ার্ড
গ) একটি নিরাপত্তা ব্যবস্থা　ঘ) একটি নেটওয়ার্ক ব্যবস্থা

২৫. স্পাইওয়্যার কী?
ক) একটি ম্যালওয়্যারের নাম　খ) একটি ভাইরাস
গ) একটি টপোলজির নাম　ঘ) ই-মেইল একাউন্ট

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | খ | ৬ | খ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক |
| ১৪ | ঘ | ১৫ | ঘ | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | খ | ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ক | | |

Teachingbd24.com